

সিনিয়র সিস্টেম এনালিস্ট

- ◇ সিস্টেম এনালিস্ট/সিনিয়র প্রোগ্রামার
- ◇ প্রোগ্রামার
- ◇ সরকারী প্রোগ্রামার
- ◇ পঃসেই-১/সঃসেই-২
- ◇ নথি

জাইরি নং.....
তারিখঃ.....

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
রক্ষনাবেক্ষণ শাখা
www.rthd.gov.bd



নম্বর: ৩৫.০৬.০০০০.০১৫.২০.০৮৬.১৪ (অংশ-১)-৩৩১

তারিখ: ৩ ভাদ্র ১৪২৭

১৮ আগস্ট ২০২০

পরিপত্র

বিষয়: পিরিয়ডিক মেইনটেন্যান্স প্রোগ্রাম (পিএমপি) খাতে বকেয়া সৃষ্টি না করা সংক্রান্ত।

সড়ক ও জনপথ অধিদপ্তরের পরিচালন ব্যয় খাতের আওতায় “সড়ক ও মহাসড়ক” (কোড নম্বর-***৩২৫৮১১০), “সেতু” (কোড নম্বর-***৩২৫৮১১১), “কালভার্ট” (কোড নম্বর-***৩২৫৮১১৩) ও “সেচ ও নিকাশ কাঠামো” কোডে (কোড নম্বর-***৩২৫৮১১৪) যে অর্থবছরের জন্য বরাদ্দ দেয়া হয় শুধুমাত্র সে অর্থবছরে প্রদত্ত কার্যাদেশ অনুযায়ী সম্পাদিত কাজের বিল পরিশোধ করতে হবে। কোনভাবেই পূর্ববর্তী কোন অর্থবছরের কাজের বিল পরিশোধ করা যাবে না। তবে শুধুমাত্র Major পিএমপি “সড়ক ও মহাসড়ক” (কোড নম্বর-***৪১১১৩০২), “সেতু” (কোড নম্বর-***৪১১১৩০৩), “কালভার্ট” (কোড নম্বর-***৪১১১৩০৫) ও “সেচ ও নিকাশ কাঠামো” (কোড নম্বর-৪১১১৩০৭) উপ-খাতে পূর্ববর্তী অর্থবছরে যে সকল কার্যাদেশ প্রদান করা হয়েছে এবং ঠিকাদারের সাথে সম্পাদিত মূল চুক্তি অনুযায়ী কাজসমূহ বরাদ্দপ্রাপ্ত অর্থবছরে সমাপ্তির জন্য নির্ধারিত আছে সে সকল কাজের বিল বরাদ্দপ্রাপ্ত অর্থবছরের বরাদ্দকৃত অর্থ হতে পরিশোধ করা যাবে।

২। প্রতিটি সড়ক বিভাগ Minor PMP অর্থাৎ পিরিয়ডিক মেইনটেন্যান্স সড়ক ও মহাসড়ক, সেতু, কালভার্ট এবং সেচ ও নিকাশ কাঠামো উপ-খাতে প্রতি অর্থবছরে প্রদত্ত বরাদ্দ অনুযায়ী রক্ষনাবেক্ষণ ও মেরামত কর্মসূচী গ্রহণ করবে এবং তা বাস্তবায়নকরবে। কোন অবস্থাতেই এ উপ-খাতে বরাদ্দের অতিরিক্ত কর্মসূচী গ্রহণ করা যাবে না। গৃহীত অতিরিক্ত কর্মসূচীর বিপরীতে বিল পরিশোধ করা যাবে না এবং বকেয়া সৃষ্টি করা যাবে না। তবে অতি জরুরী প্রয়োজনে যেমন: বড় ধরনের দুর্ঘটনা, ভিভিআইপি ভ্রমণ ইত্যাদি ক্ষেত্রে বরাদ্দের অতিরিক্ত কর্মসূচী গ্রহণের প্রয়োজন হলে তা প্রধান প্রকৌশলীর লিখিত অনুমোদন নিয়ে করতে হবে। প্রতি অর্থবছরে প্রতি সড়ক বিভাগে সর্বোচ্চ ২৫(পঁচিশ) লক্ষ টাকা পর্যন্ত ব্যয়ের অনুমোদন সার্বিক পরিস্থিতি বিবেচনায় প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর প্রদান করতে পারবেন। ২৫(পঁচিশ) লক্ষ টাকার উর্ধ্বে ব্যয়ের প্রয়োজন হলে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ হতে লিখিত অনুমোদন গ্রহণ করতে হবে।

৩। বর্ণিত নির্দেশনার ব্যত্যয় ঘটিলে কোন কার্যক্রম গ্রহণ করা হলে তার দায়-দায়িত্ব ব্যক্তিগতভাবে কর্মসূচী গ্রহণকারী, সুপারিশকারী ও অনুমোদনকারী কর্মকর্তার উপর বর্তাবে এবং এজন্য সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ২০১৮ অনুযায়ী বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

৪। উপর্যুক্ত নির্দেশনা অনুসরণে কর্মসূচী গ্রহণ ও বিল পরিশোধের পর কোন অর্থ অব্যয়িত থাকলে তা সংশ্লিষ্ট অর্থবছরের ১৫ জুন তারিখের মধ্যে প্রধান প্রকৌশলীর মাধ্যমে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগকে অবহিত করতে হবে।

৫। বিভাগীয়ভাবে মহাসড়ক মেরামতের জন্য ব্লটিন মেইনটেন্যান্স উপ-খাতের আওতায় এক অর্থবছরে সংগৃহীত মালামাল পরবর্তী অর্থবছর গুলোতেও ব্যবহার করা যাবে।

৬। জনস্বার্থে জারীকৃত এ পরিপত্র অবিলম্বে কার্যকর হবে।

১৮-৮-২০২০

দীপঙ্কর মন্ডল

উপসচিব

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ৩) অতিরিক্ত সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ৪) মহাপরিচালক, পূর্ত অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স (১ম-৩য় তলা), সেগুনবাগিচা, ঢাকা।
- ৫) যুগ্মসচিব/যুগ্মপ্রধান (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ৬) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ৭) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ উইং, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৮) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ব্রীজ ম্যানেজমেন্ট উইং, সড়ক ও জনপথ অধিদপ্তর।
- ৯) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, ----- জোন, -----
- ১০) উপসচিব/উপপ্রধান (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ১১) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ১২) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, ----- সড়ক সার্কেল, -----
- ১৩) নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, ----- সড়ক বিভাগ, -----
- ১৪) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ১৫) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ১৬) সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান/সহকারী সচিব/সহকারী প্রধান (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।